# ধান গবেষণা সমাচার

BRRI NEWSLETTER

পঁয়ত্রিশ বর্ষ | সংখ্যা ১ | পৌষ-ফাল্গুন ১৪৩১ | January-March 2025

## ব্রির বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালা ২০২৩-২৪ উদ্বোধন




*ব্রির 'বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালা ২০২৩-২৪' এর উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন কৃষি মন্ত্রণালয়ের সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান*

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) ছয়দিন ব্যাপী "বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালা ২০২৩-২৪" উদ্বোধন হয়েছে গত ১৮ জানুয়ারি ২০২৫। সকালে গাজীপুরে ব্রি সদর দপ্তর মিলনায়তনে উদ্বোধনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের মাননীয় সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ব্রির মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বাংলাদেশ কৃষি উন্নয়ন কর্পোরেশন (বিএডিসি) এর চেয়ারম্যান মো. রুহুল আমিন খান, বাংলাদেশ কৃষি গবেষণা কাউন্সিল (বিএআরসি) এর নির্বাহী চেয়ারম্যান ড. নাজমুন নাহার করিম এবং কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের মহাপরিচালক মো. ছাইফুল আলম। সম্মানিত অতিথি হিসেবে *বাকী অংশ পৃষ্ঠা ৫*

## Inauguration of BRRI's Annual Research Review Workshop 2023–24

The six-day long "Annual Research Review Workshop 2023–24" of Bangladesh Rice Research Institute (BRRI) was inaugurated on 18 January 2025 at the auditorium of BRRI headquarters in Gazipur. Honourable Secretary of the Ministry of Agriculture, Dr Mohammad Emdad Ullah Mian, attended the event as the chief guest. BRRI Director General Dr Mohammad Khalequzzaman presided over the inaugural session of the workshop.

Md Ruhul Amin Khan, Chairman of Bangladesh Agricultural Development Corporation (BADC), Dr Najmun Nahar Karim, *See page 5*

## ব্রির বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালা ২০২৩-২৪ সমাপনী




*ব্রির 'বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালা ২০২৩-২৪' এর সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখছেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (গবেষণা অনুবিভাগ) মো. আবু জুবাইর হোসেন বাবলু*

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটের (ব্রি) ছয়দিন ব্যাপী "বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালা ২০২৩-২৪" এর সমাপনী অনুষ্ঠান হয়েছে ২৪ জানুয়ারি ২০২৫। গাজীপুরে ব্রি সদর দপ্তর মিলনায়তনে অনুষ্ঠিত সমাপনী অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কৃষি মন্ত্রণালয়ের অতিরিক্ত সচিব (গবেষণা অনুবিভাগ) মো. আবু জুবাইর হোসেন বাবলু। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ব্রির মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান। *বাকী অংশ পৃষ্ঠা ৫*

## Closing Session of BRRI's Annual Research Review Workshop 2023–24

The concluding ceremony of the six-day long "Annual Research Review Workshop 2023-24" of the Bangladesh Rice Research Institute (BRRI) was held on 24 January 2025 at the auditorium of BRRI headquarters in Gazipur. Md Abu Zubair Hossain Bablu, Additional Secretary (Research Division) of the Ministry of Agriculture, attended the programme as the chief guest. BRRI Director General *See page 5*

# ব্রিতে মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপন

যথাযথ মর্যাদায় নানা কর্মসূচির মধ্যদিয়ে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে (ব্রি) গত ২৬ মার্চ ২০২৫ মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপিত হয়েছে। দিবসটি উপলক্ষে সকালে গাজীপুরে ইনস্টিটিউটের সদর দপ্তরে প্রশাসনিক ভবনের সামনে জাতীয় পতাকা উত্তোলন করেন ব্রির মাননীয় মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান। পরে ব্রি মিলনায়তনে আলোচনা সভা, শিক্ষার্থীদের অংশগ্রহণে অনুষ্ঠিত চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ এবং দোয়া ও মোনাজাত অনুষ্ঠিত হয়। এতে প্রধান অতিথি হিসেবে বক্তব্য রাখেন ব্রির মাননীয় মহাপরিচালক। ব্রির আরএফএস বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও প্রধান ড. মো. ইব্রাহিম এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন ব্রির পরিচালক (গবেষণা) ড. মো. রফিকুল ইসলাম এবং পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মুন্নুজান খানম। *বাকী অংশ পৃষ্ঠা ৫*



*মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে আলোচনাসভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন ব্রির মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান*

# Independence and National Day Celebrated at BRRI

The Bangladesh Rice Research Institute (BRRI) observed the Independence and National Day on 26 March 2025, with due solemnity and various programmes.

On the occasion, BRRI Director General Dr Mohammad Khalequzzaman, hoisted the national flag in front of the Administrative Building at BRRI Headquarters, Gazipur, in the morning. Later, a discussion meeting, prize distribution ceremony of the students' drawing competition, and a Doa Mahfil were held at the BRRI auditorium.

The Director General of BRRI attended the programme as the Chief Guest and delivered his speech. The meeting was presided over by Dr Md Ibrahim, *See page 4*

# ব্রির পরিচালক (গবেষণা) ড. মো. রফিকুল ইসলাম

দেশের বিশিষ্ট কৃষি বিজ্ঞানী ড. মো. রফিকুল ইসলাম গত ০৯ জানুয়ারি ২০২৫ তারিখে বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর পরিচালক (গবেষণা) পদে (রুটিন দায়িত্ব) যোগদান করেছেন। এ পদে যোগদানের আগে তিনি ব্রির মৃত্তিকা বিজ্ঞান বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ১৯৯৮ সালে এ ইনস্টিটিউটে বৈজ্ঞানিক কর্মকর্তা হিসেবে যোগদান করে গত ২৭ বছর ধরে বিভিন্ন পদে নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করে আসছেন। ড. মো. রফিকুল ইসলাম ১৯৭১ সালে সিরাজগঞ্জ জেলার কামারখন্দ উপজেলার হালুয়াকান্দি গ্রামে জন্মগ্রহণ করেন।

তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে ১৯৯২ সালে বিএসসি (এজি) সম্মান ডিগ্রি অর্জন করেন। তিনি ২০১২ সালে গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয় থেকে মৃত্তিকা বিজ্ঞানে পিএইচডি ডিগ্রি লাভ করেন। বর্তমানে ড. মো. রফিকুল ইসলাম বাংলাদেশের জাতীয় কৃষি গবেষণা সিস্টেম (এনএআরএস) এর আওতাধীন গবেষণা প্রতিষ্ঠানসমূহের মধ্যে অন্যতম জ্যেষ্ঠ বিজ্ঞানী। দেশ-বিদেশের খ্যাতনামা জার্নালে তার ৮০টি গবেষণামূলক প্রবন্ধ প্রকাশিত হয়েছে। তিনি গবেষণা সংশ্লিষ্ট কাজে জাপান, ফিলিপাইন, থাইল্যান্ড, ইন্দোনেশিয়া, নেপাল, সিঙ্গাপুর, ভারতসহ বিভিন্ন দেশ ভ্রমণ করেছেন।

ব্যক্তিগত জীবনে তিনি দুই সন্তানের জনক।



*ড. মো. রফিকুল ইসলাম*


# BRRI Director (Research) Dr Md Rafiqul Islam

Dr Md Rafiqul Islam, a distinguished Agricultural Scientist of the country, joined Bangladesh Rice Research Institute (BRRI) on 09 January 2025 as its Director Research (Routine charge). Prior to the new position Dr Md Rafiqul Islam has been serving the institute as the chief scientific officer and Head of the Soil Science Division. He began his career as a Scientific Officer of the Institute in 1998 and devotedly performing his duties at different positions over the last 27 years. Dr Md Rafiqul Islam was born in 1971 at Haluakandi village of Kamarkanda upazila in Sirajganj district. He obtained his BSc (Ag) Hons degree in 1992 from the Bangladesh Agricultural University. He completed his PhD degree on Soil Science in 2012 from the University of GAU, Salna, Gazipur. At present, he is one of the senior scientists in National Agricultural Research System (NARS) in Bangladesh. He has published 80 research articles in different prestigious journals home and abroad. He has visited some countries including Japan, Thailand, Indonesia, Philippine, Nepal, Singapore and India in relation to his research works.

Personally he is blessed with two children.

## ব্রির পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আনোয়ারুল হক

দেশের বিশিষ্ট কৃষি বিজ্ঞানী ড. মো. আনোয়ারুল হক গত ০৯ জানুয়ারি ২০২৫ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) পদে (চলতি দায়িত্ব) যোগদান করেছেন। এ পদে যোগদানের আগে তিনি শস্যমান ও পুষ্টি বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও বিভাগীয় প্রধান হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ১৯৯৪ সালে এ ইনস্টিটিউটে বৈজ্ঞানিক কর্মকর্তা হিসেবে যোগদান করে গত ৩০ বছর ধরে বিভিন্ন পদে নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করে আসছেন।



ড. মো. আনোয়ারুল হক

ড. মো. আনোয়ারুল হক ১৯৬৬ সালে ময়মনসিংহ জেলার ঈশ্বরগঞ্জ উপজেলার সাহেবনগর গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে ১৯৮৮ সালে বিএসসি (এজি.ইঞ্জি.) সম্মান ডিগ্রি এবং ১৯৯০ সালে এমএসসি ডিগ্রি অর্জন করেন।

তিনি ২০০২ সালে যুক্তরাজ্যের লন্ডন বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি লাভ করেন। বর্তমানে ড. মো. আনোয়ারুল হক বাংলাদেশের জাতীয় কৃষি গবেষণা সিস্টেম (এনএআরএস) এর আওতাধীন গবেষণা প্রতিষ্ঠানসমূহের মধ্যে অন্যতম জ্যেষ্ঠ বিজ্ঞানী।

দেশ-বিদেশের খ্যাতনামা জার্নালে তার ৩২টি গবেষণামূলক প্রবন্ধ প্রকাশিত হয়েছে। তিনি গবেষণা সংশ্লিষ্ট কাজে যুক্তরাজ্য, বেলজিয়ামসহ বিভিন্ন দেশ ভ্রমণ করেছেন। ব্যক্তিগত জীবনে তিনি দুই সন্তানের জনক।

## BRRI Director (Administration and Common Service) Dr Md Anwarul Haque

Dr Md Anwarul Haque, a distinguished Agricultural Scientist of the country, joined Bangladesh Rice Research Institute (BRRI) on 09 January 2025 as its Director (Administration and Common Service). Prior to the new position Dr Md Anwarul Haque has been serving the institute as the chief scientific officer and Head of the Grain Quality and Nutrition Division. He began his career as a Scientific Officer of the Institute in 1994 and devotedly performing his duties at different positions over the last 30 years. Dr Md Anwarul Haque was born in 1966 at Shahebnagar village of Ishwarganj upazila of the Mymensingh district. He obtained his BScAg Engg. (Hons) degree in 1988 and MSc degree in 1990 from the Bangladesh Agricultural University. He completed his PhD degree on Food Microbiology in 2002 from the University of London, UK. At present, he is one of the senior scientists in National Agricultural Research System (NARS) in Bangladesh. He has published 32 research articles in different prestigious journals home and abroad. He has visited some countries including UK, Belgium in relation to his research works.

Personally he is blessed with two children.

## ব্রিতে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত

বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউটে (ব্রি) গত ২১ ফেব্রুয়ারি ২০২৫ যথাযথ মর্যাদার সাথে মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালিত হয়েছে। দিবসটি উপলক্ষে ইনস্টিটিউটের গাজীপুর সদর দপ্তরে প্রশাসনিক ভবনের সামনে সকালে জাতীয় পতাকা উত্তোলন (অর্ধনমিত) এবং কালো ব্যাজ ধারণ করা হয়। পরে শহীদদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে বিশেষ মোনাজাত করা হয়।



মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস উপলক্ষে ব্রির শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন ব্রির মহাপরিচালক ড. মোহাম্মাদ খালেকুজ্জামান

এরপর একটি প্রভাতফেরি ব্রির বিভিন্ন সড়ক প্রদক্ষিণ শেষে শহীদ মিনারে পুষ্পস্তবক অর্পণ করেন ব্রির মাননীয় মহাপরিচালক ড. মোহাম্মাদ খালেকুজ্জামান। পরে ব্রিতে ক্রিয়াশীল বিভিন্ন সংগঠন, বিআরআরআই উচ্চ বিদ্যালয় এবং ব্রি প্রগতি প্রাথমিক বিদ্যালয়ের পক্ষে পুষ্পস্তবক অর্পণ করা হয়। এরপর অনুষ্ঠিত সংক্ষিপ্ত আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্য রাখেন ব্রির মাননীয় মহাপরিচালক। ব্রির উদ্ভিদ প্রজনন বিভাগের প্রধান বৈজ্ঞানিক কর্মকর্তা ড. মোহাম্মদ এখলাছুর রহমান

বাকী অংশ পৃষ্ঠা ৪

## Martyrs' Day and International Mother Language Day observed at BRRI

Bangladesh Rice Research Institute (BRRI) observed Martyrs' Day (Shaheed Dibash) and International Mother Language Day with due solemnity and respect on 21 February 2025.

On the occasion, the national flag was hoisted at half-mast and participants wore black badges in front of the Administrative Building at the BRRI Headquarters, Gazipur. A special prayer was offered seeking eternal peace for the departed souls of the martyrs. Later, a commemorative procession (Provat Feri) paraded through various roads of BRRI and placed floral wreaths at the BRRI Shaheed Minar. The wreath-laying ceremony was led by BRRI Director General Dr Mohammad Khalequzzaman. Subsequently, floral tributes were also offered on behalf of various active organizations, BRRI High School, and BRRI Progoti Primary School.

*See page 4*

## ব্রির পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মুন্নুজান খানম

দেশের বিশিষ্ট কৃষি বিজ্ঞানী ড. মুন্নুজান খানম গত ২০ মার্চ ২০২৫ বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট (ব্রি) এর পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) পদে (রুটিন দায়িত্ব) যোগদান করেছেন। এ পদে যোগদানের আগে তিনি ব্রির উচ্চ শিক্ষা ও গবেষণা সমন্বয়কারী (সিএএসআর) হিসেবে দায়িত্ব পালন করেন। তিনি ১৯৯৪ সালে এ ইনস্টিটিউটে বৈজ্ঞানিক কর্মকর্তা হিসেবে যোগদান করে গত ৩০ বছর ধরে বিভিন্ন পদে নিষ্ঠার সঙ্গে দায়িত্ব পালন করে আসছেন। ড. মুন্নুজান খানম ১৯৬৭ সালে কিশোরগঞ্জ জেলার তাড়াইল উপজেলার কাজলা গ্রামে জন্মগ্রহণ করেন। তিনি বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় থেকে ১৯৮৮ সালে বিএসসি এজি. (সম্মান) ডিগ্রি এবং ২০১২ সালে গাজীপুর কৃষি বিশ্ববিদ্যালয় থেকে পিএইচডি ডিগ্রি অর্জন করেন। বর্তমানে ড. মুন্নুজান খানম বাংলাদেশের জাতীয় কৃষি গবেষণা সিস্টেম (এনএআরএস) এর আওতাধীন গবেষণা প্রতিষ্ঠানসমূহের মধ্যে অন্যতম জ্যেষ্ঠ বিজ্ঞানী। দেশ-বিদেশের খ্যাতনামা জার্নালে তার ৩০টি গবেষণামূলক প্রবন্ধ প্রকাশিত হয়েছে।



*ড. মুন্নুজান খানম*

## BRRI Director (Administration and Common Service) Dr Munnujan Khanam

Dr Munnujan Khanam, a distinguished Agricultural Scientist of the country, joined Bangladesh Rice Research Institute (BRRI) on 20 March 2025 as its Director (Administration and Common Service). Prior to the new position Dr Munnujan Khanam has been serving the institute as the Coordinator for Advanced Studies and Research (CASR). She began her career as a Scientific Officer of the Institute in 1994 and devotedly performing her duties at different positions over the last 30 years. Dr Munnujan Khanam was born in 1967 at Kazla village of Tarail upazila in the Kishoregonj district. She obtained her BScAg (Hons) degree in 1988 from the Bangladesh Agricultural University. She completed her PhD degree in 2012 from the Gazipur Agricultural University (GAU). At present, she is one of the senior scientists in

*See page 5*

## মহান শহীদ দিবস

তৃতীয় পৃষ্ঠার পর

এর সভাপতিত্বে অনুষ্ঠিত সভায় বিশেষ অতিথির বক্তব্য রাখেন মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন কমিটির আহ্বায়ক ও পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আনোয়ারুল হক এবং পরিচালক (গবেষণা) ড. মো. রফিকুল ইসলাম। এছাড়াও কর্মসূচিতে আরএফএস বিভাগের মুখ্য বৈজ্ঞানিক কর্মকর্তা ও বিভাগীয় প্রধান এবং মহান শহীদ দিবস ও আন্তর্জাতিক মাতৃভাষা দিবস পালন কমিটির সদস্য-সচিব ড. মো. ইব্রাহিমসহ বিভাগীয় ও শাখা প্রধানগণ, ব্রিতে ক্রিয়াশীল বিভিন্ন সংগঠনের প্রতিনিধি, বিআরআরআই উচ্চ বিদ্যালয়, ব্রি প্রগতি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।

এছাড়াও দিবসটি উপলক্ষে ব্রির মাননীয় মহাপরিচালক ড. মোহাম্মাদ খালেকুজ্জামান বিদ্যালয়ের শিক্ষার্থীদের দেয়ালিকা উন্মোচন করেন। এ সময় তিনি বলেন, একুশের চেতনায় দেশকে আরো সামনে এগিয়ে নিয়ে যেতে হবে। এ ক্ষেত্রে নতুন প্রজন্মকে অগ্রণী ভূমিকা পালন করতে হবে। পরে বিআরআরআই উচ্চ বিদ্যালয় ও ব্রি প্রগতি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে অনুষ্ঠিত চিত্রাঙ্কন প্রতিযোগিতার পুরস্কার বিতরণ করেন ব্রির মহাপরিচালক। এছাড়া ভাষা শহীদদের বিদেহী আত্মার মাগফিরাত কামনা করে ব্রি কেন্দ্রীয় জামে মসজিদে কোরআনখানি ও দোয়া মাহফিলের আয়োজন করা হয়।

## Martyrs' Day

After page 3

A short discussion session followed during which the BRRI Director General delivered his speech as the chief guest. The session was presided over by Dr Mohammad Akhlasur Rahman, Chief Scientific Officer of BRRI, while Director (Administration & Common Service) Dr Md Anwarul Haque, and Director (Research) Dr Md Rafiqul Islam ware present as special guests. Among those present at the programmes were Dr Md Ibrahim, Head of the RFS Division, along with heads of divisions and sections, representatives active organizations, and teachers and students of BRRI High School and BRRI Progoti Primary School. In addition, marking the occasion, BRRI Director General Dr Mohammad Khalequzzaman inaugurated a wall magazine prepared by school students. Later, The Director General distributed prizes among the winners of a drawing competition held with the participation of students from BRRI High School and BRRI Progoti Primary School. Besides, a quran recitation and prayer was organized at the BRRI central mosque, seeking eternal peace and forgiveness for the departed souls of the language martyrs.

## Independence and National Day

After page 2

Chief Scientific Officer and Head of the RFS Division. BRRI Director (Research), Dr Md Rafiqul Islam, and Director (Administration and Common Service) Dr Munnujan Khanam were present as special guest.

At the meeting BRRI Director General, Dr. Mohammad Khalequzzaman extended his greetings and congratulations to all on the occasion of the Independence and National Day. He called upon everyone to work together in unity to advance the country. Representatives of the scientists and various active organizations also addressed the meeting.

Following *Doa* and *Munajat*, iftar was distributed. Heads of divisions and sections along with seientists, officers, employees, and workers from all levels were present of the programme.

The discussion meeting and prayer session were attended by heads of divisions and sections of BRRI, representatives of different organizations active within the institute, scientists, officials, employees, and workers from all levels, as well as teachers and students of BRRI High School and BRRI Progoti Primary School.

In addition, on the occasion of the Independence and National Day, a *Doa* and *Milad Mahfil* was organized at the BRRI Jame Mosque.

# বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালা

প্রথম পৃষ্ঠার পর

উপস্থিত ছিলেন জাতিসংঘের খাদ্য ও কৃষি সংস্থার (এফএও) বাংলাদেশ প্রতিনিধি জিয়াওকুন শি। কর্মশালায় গবেষণা অগ্রগতি এবং অর্জন ২০২৩-২৪ উপস্থাপন করেন ব্রির পরিচালক (গবেষণা) ড. মো. রফিকুল ইসলাম এবং ধন্যবাদ জ্ঞাপন করেন পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আনোয়ারুল হক।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে কৃষি মন্ত্রণালয়ের মাননীয় সচিব ড. মোহাম্মদ এমদাদ উল্লাহ মিয়ান বলেন, ব্রির কার্যক্রম জাতীয় গন্ডি পেরিয়ে আন্তর্জাতিক পর্যায়ে পৌঁছেছে, যার ফলশ্রুতিতে ব্রি বিভিন্ন জাতীয় ও আন্তর্জাতিক পুরস্কার অর্জন করেছে। ব্রির এ অগ্রযাত্রার ধারাবাহিকতা ধরে রাখতে হবে। তিনি কৃষিবান্ধব কৃষি শিল্প, কৃষি অর্থনীতি তৈরির বিষয়ে গুরুত্বারোপ করেন। কৃষি সচিব কৃষির উন্নয়নে সংশ্লিষ্ট সকলকে একসঙ্গে কাজ করার আহ্বান জানান।

সভাপতির বক্তব্যে ব্রির মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান বলেন, ১৮ কোটি মানুষের খাদ্য নিরাপত্তা নিশ্চিতে ব্রি নিরলসভাবে কাজ করছে। ব্রির গবেষণা কার্যক্রম বিশ্বের কাছে উদাহরণ। ব্রির মহাপরিচালক জানান, ভাতের মাধ্যমে পুষ্টি চাহিদা পূরণে ব্রি গবেষণা জোরদার করেছে।

কর্মশালায় ব্রি, বারি, বিএআরসি, ডিএই, ইরিসহ বিভিন্ন সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান ও বিশ্ববিদ্যালয়ের প্রতিনিধিরা যোগ দেন। উদ্বোধনী অনুষ্ঠানে সাম্প্রতিক বছরগুলোতে ধান গবেষণা ও সম্প্রসারণ কাজের অর্জন ও অগ্রগতির বিস্তারিত তথ্য উপস্থাপন করা হয়।

বর্তমানে দেশের ৮০ ভাগ জমিতে ব্রি উদ্ভাবিত ধানের জাতের চাষাবাদ হয় এবং এর থেকে আসে দেশের মোট ধান উৎপাদনের শতকরা ৯০ ভাগ। ব্রি এ পর্যন্ত আটটি হাইব্রিডসহ মোট ১১৫টি উফশী ধানের জাত উদ্ভাবন করেছে যার মধ্যে বেশ কটি প্রতিকূল পরিবেশ সহনশীল এবং উন্নত পুষ্টিগুণ সম্পন্ন জাত রয়েছে।

# মহান স্বাধীনতা ও জাতীয় দিবস

দ্বিতীয় পৃষ্ঠার পর

সভায় প্রধান অতিথির বক্তব্যে ব্রির মহাপরিচালক ড. মোহাম্মদ খালেকুজ্জামান মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে সকলকে শুভেচ্ছা ও অভিনন্দন জানান। তিনি দেশকে এগিয়ে নিতে সকলকে ঐক্যবদ্ধভাবে কাজ করার আহ্বান জানান। সভায় অন্যান্যের মধ্যে বিজ্ঞানী প্রতিনিধিবৃন্দ, ব্রিতে ক্রিয়াশীল বিভিন্ন সংগঠনের প্রতিনিধিবৃন্দ বক্তব্য রাখেন। দোয়া ও মোনাজাত শেষে ইফতার বিতরণ করা হয়।
আলোচনাসভা এবং দোয়া ও মোনাজাত অনুষ্ঠানে ব্রির বিভাগীয় ও শাখা প্রধানগণ, ব্রিতে ক্রিয়াশীল বিভিন্ন সংগঠন এর প্রতিনিধি, সর্বস্তরের বিজ্ঞানী, কর্মকর্তা, কর্মচারী ও শ্রমিক এবং বি আর আর আই উচ্চ বিদ্যালয়, ব্রি প্রগতি প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক, শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন।
এছাড়াও মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উপলক্ষে ব্রি জামে মসজিদে দোয়া ও মিলাদ মাহফিলের আয়োজন করা হয়।

# বার্ষিক গবেষণা পর্যালোচনা কর্মশালা

প্রথম পৃষ্ঠার পর

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন ব্রির পরিচালক (গবেষণা) ড. মো. রফিকুল ইসলাম এবং পরিচালক (প্রশাসন ও সাধারণ পরিচর্যা) ড. মো. আনোয়ারুল হক।

# Inauguration of Annual Research Review Workshop

After page 1

Executive Chairman of Bangladesh Agricultural Research Council (BARC), and Md Saiful Alam, Director General of the Department of Agricultural Extension (DAE) were present as special guests. Mr Xioakun Shi, Country Representative of the Food and Agriculture Organization (FAO) of the United Nations in Bangladesh, attended the event as the distinguished guest.

The research progress and achievements of 2023–24 were presented by BRRI Director (Research) Dr Md Rafiqul Islam, while the vote of thanks was delivered by Director (Administration and Common Service) Dr Md. Anwarul Haque. Speaking at the programme, Agriculture Secretary Dr Mohammad Emdad Ullah Mian, said that BRRI's research activities have transcended national boundaries and gain international recognition, earning the institute several national and international awards. He emphasized the importence of sustaining this momentum and underscored the need for develop agriculture-friendly industries alongside strengthening agricultural economics. He also urged all stakeholders to work collaboratively for the advancement of the agricultural sector.

BRRI Director General Dr Mohammad Khalequzzaman highlighted that BRRI has been working relentlessly to ensure food security for nearly 180 million people of the country. He noted that BRRI's research initiatives are exemplary on a global scale and added that the institute has intensified its efforts to meet the nation's nutritional requirements through rice-based research. participants from BRRI, BARI, BARC, DAE, IRRI, as well as representatives from various government, non-government organizations and universities, attended the workshop.

During the session, detailed information on recent achievements and progress in rice research and extension activities was presented.

So far, BRRI has developed a total of 115 high-yielding rice varieties, including eight hybrids, many of which are tolerant to adverse environments and enriched with improved nutritional qualities.

# Dr Munnujan Khanam

After page 4

National Agricultural Research System (NARS) in Bangladesh. She has published 30 research articles in different prestigious journals home and abroad.


# Closing session of Annual Research Review Workshop

After page 1

Dr Mohammad Khalequzzaman presided over the workshop. Director (Research) Dr Md Rafiqul Islam and Director (Administration and Common Service) Dr Md Anwarul Haque were present as special guests.

# মহান ২১শে ফেব্রুয়ারি উদ্‌যাপনের আলোকচিত্র


















# মহান স্বাধীনতা ও জাতীয় দিবস উদ্‌যাপনের আলোকচিত্র






















**উপদেষ্টামণ্ডলী**
ড. মোহাম্মদ খালেকুজ্জামান
ড. মো. রফিকুল ইসলাম
ড. মুন্নুজান খানম

**সম্পাদনায়**
মো. রাশেল রানা
রকিব আহমেদ

**সহযোগিতায়**
সকল বিভাগীয় প্রধান ও
সংশ্লিষ্ট বিজ্ঞানীগণ

**প্রুফ রিডিং**
তাহমিনা সুলতানা

**ছবি**
মো. মাসুম রানা

**গ্রাফিক্স ডিজাইন**
রিয়াজুল ইসলাম রানা

**মুদ্রণ**
অক্ষর প্রিন্টিং প্রেস
গাজীপুর

**কপির সংখ্যা: ২,০০০**

**প্রকাশনা নম্বর: ৪৫১**

**প্রকাশকাল: নভেম্বর ২০২৫**


# গবেষণা মাঠ পরিদর্শনে মহাপরিচালক



# Seminar held in BRRI during January to March 2025

| Speaker | Topic | Date |
|---|---|---|
| **Dr Ratna Rani Majumder**<br>SSO, Plant Breeding Division<br>BRRI | Doubled haploid breeding and marker assisted selection to develop drought tolerant rice genotypes | 09 Jan |
| **Dr Md Nazrul Islam**<br>SSO, Soil Science Division<br>BRRI | Effectiveness of Shallow Drains and Straw Mulch in Alleviating Multiple Constraints in Crop Cultivation | 13 Feb |


প্রকাশনা ও জনসংযোগ বিভাগ, বাংলাদেশ ধান গবেষণা ইনস্টিটিউট, গাজীপুর ১৭০১ থেকে প্রকাশিত ও প্রচারিত।
ফোন: ৪৯২৭২০৬১, পিএবিএক্স: ৪৯২৭২০০৫, ৪৯২৭২০১০-১৫, ফ্যাক্স: ৮৮-০২-৪৯২৭২০০০
ই-মেইল: dg@brri.gov.bd, brrihq@yahoo.com, ওয়েবসাইট: www.brri.gov.bd, www.knowledgebank-brri.org